গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয় বোচাগঞ্জ, দিনাজপুর
www.doict.bochaganj.dinajpur.gov.bd

**বোচাগঞ্জ উপজেলার আইসিটি কমিটির মে/ ২০২৫ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মারুফ হাসান<br>উপজেলা নির্বাহী অফিসার |
| সভার তারিখ | **২৮ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ** |
| সভার সময় | **সকাল ১১ ঘটিকা** |
| স্থান | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট- 'ক' দ্রষ্টব্য |

অদ্যকার সভার সভাপতি ও উপজেলা আইসিটি কমিটির সভাপতি জনাব মোঃ মারুফ হাসান সকলকে স্বাগত জানান এবং তিনি উপজেলা আইসিটি কর্মকর্তার নিকট আইসিটি বিষয়ক সচেতনতা বৃদ্ধিমুলক কার্যক্রম গ্রহণ, নতুন নতুন আইসিটি সেবা চালু করার আহ্বান জানান। অতঃপর উপজেলা আইসিটি কমিটির সদস্য সচিব জনাব মোঃ তৌহিদুল ইসলাম , উপজেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর সঞ্চালনায় সভার কার্যক্রম শুরু হয়।

সভায় সম্মানিত সদস্যদের সক্রিয় অংশগ্রহণে আলোচনা এবং সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত/বিবরণ | বাস্তবায়নকারী ব্যক্তি/ কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | সাইবার সিকিউরিটি বিষয়ক প্রশিক্ষণ | ডিজিটাল সিস্টেম এবং তথ্যকে অননুমোদিত অ্যাক্সেস, ব্যবহার, প্রকাশ, পরিবর্তন বা ধ্বংস থেকে রক্ষা করা।[redacted]প্রশিক্ষণ সাইবার হুমকি শনাক্তকরণ, বিশ্লেষণ এবং প্রতিরোধে সহায়তা ইত্যাদি উদ্দেশ্যকে সামনে রেখে অধিদপ্তর থেকে প্রাপ্ত বাজেটের ভিত্তিতে উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের সাইবার সিকিউরিটি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করা হবে মর্মে সকলকে অভিত করা হয়। | উপস্থিত সকল। |
| ০২ | ওয়েব পোর্টাল | মন্ত্রিপরিষদ বিভাগের ই- গভর্নেন্স -১ শাখার পত্রের মর্ম অনুযায়ী উপজেলা আইসিটি অফিসার সকলকে অবগত করেন যে, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের যে সকল দপ্তরের ওয়েবসাইটে এখনো বিগত সরকারের অপ্রয়োজনীয় ও স্তুতিমূলক তথ্য, ছবি এবং ভিডিও বিদ্যমান রয়েছে, সে সকল ওয়েবসাইট হালনাগাদ না থাকার দরুন একদিকে যেমন জনগণের তথ্য প্রাপ্তি বাধাগ্রস্থ হচ্ছে অন্যদিকে সরকারের ভাবমূর্তিও ক্ষতিগ্রস্থ হচ্ছে।<br>i)ওয়েব পোর্টাল দ্রুততার সহিত নিয়মিত হালনাগাদ করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার সকলকে জোড় তাগিদ প্রদান করেন।<br><br>ii)সেবা সহজীকরণ, তথ্যের প্রবাহ নিশ্চিতকরন, ঘরে বসে তথ্য প্রাপ্তি নিশ্চিতকরন, সময়, খরচ, ও ভিজিট কমাতে ওয়েব পোর্টালে তথ্যের হালনাগাদ করা জরুরি মর্মে উপজেলা আইসিটি অফিসার সকলকে অবগত করেন। আলোচনায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়-<br>১) সেবার তালিকা প্রকাশ, সেবা সহজীকরনের জন্য সকল দপ্তরের সিটিজেন চার্টার দ্রুত সময়ে হালনাগাদ করতে হবে।<br>২) জাতীয় তথ্য বাতায়নকে সমৃদ্ধ ও হালানাগাদ করতে উপজেলার সকল সরকারি দপ্তর ও ইউনিয়ন পরিষদ এর সংলিষ্ট সবাইকে সর্বোচ্চ আন্তরিক হতে হবে। | উপজেলা আইসিটি অফিসার<br>ও<br>সংশ্লিষ্ট দপ্তর |
| ০৩ | ইনোভেশন | সেবায় নাগরিক ভোগান্তি লাঘব, সেবা প্রদানের বর্তমান ব্যবস্থার উন্নয়ন বা সেবা প্রদানের নতুন মাধ্যম প্রবর্তন, নাগরিকের সঙ্গে যোগাযোগ,দাপ্তরিক অভ্যন্তরীণ কর্ম প্রক্রিয়ার উন্নয়ন, সরকারি- বেসরকারি ও অন্যান্য প্রতিষ্ঠানের অংশগ্রহণ – ইত্যাদি নিশ্চিত করার লক্ষ্যে ইনোভশনের উপর গুরুত্ব আরোপ করা হয়। উপস্থিত সকলকে নিত্য- নতুন আইডিয়া/ পরিকল্পনা প্রদানের জন্য অনুরোধ করা হয়। | উপস্থিত সকল |

| | | | |
|---|---|---|---|
| ০৪ | উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র | ডি-সেট সেন্টারের নাম পরিবর্তন করে ” উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র” করা হয়েছে মর্মে উপজেলা আইসিটি অফিসার সকলকে অবগত করেন।<br>স্মার্ট সার্ভিস পয়েন্ট, আইসিটি বিষয়ক সেবা, উন্নত আইসিটি বিষয়ক প্রশিক্ষণ প্রদানে উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র গুরত্বপর্ণ ভূমিকা পালন করবে মর্মে ব্যক্ত করা হয়। উপজেলা ইঞ্জিনিয়ার জানান- অত্র উপজেলার উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্রর কাজ ৬০% সম্পন্ন হয়েছে। কাজ দ্রুত গতিতে সম্পন্ন হচ্ছে এবং দেওয়ালের কাজ চলমান রয়েছে মর্মেও সকলকে অবহিত করেন। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা ইঞ্জিনিয়ার |
| ০৫ | ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প (ইডিসি) | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন” ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প (ইডিসি)” শীর্ষক প্রকল্পের End User Connectivity এর ৩৬ টি প্যাকেজের আওতায় দেশের ১,০৯,১৪৪ টি প্রতিষ্ঠানে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। প্রান্তিক পর্যায়ে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ বিভিন্ন প্রদানের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ও কারিগরি শিক্ষা অধিদপ্তর এর আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান সমূহ, স্বাস্থ্য অধিদপ্তরের আওতাধীন প্রতিষ্ঠান সমূহ (কমিউনিটি ক্লিনিক) এবং সমাজসেবা অধিদপ্তর, ভূমি সংস্কার বোর্ড , বস্ত্র অধিদপ্তর, জেলা প্রশাসকের কার্যালয় এবং বাংলাদেশ ডায়াবেটিক সমিতিসহ উল্লিখিত প্রতিষ্ঠানসমূহে ব্রডব্যান্ড সংযোগ প্রদান করা হবে মর্মে উপজেলা আইসিটি অফিসার সকলকে অবগত করেন।<br>আলোচনায় সকলের সহযোগিতা কামনা করা হয়। | উপস্থিত সকল |

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৫-০৬-২০২৫
মোঃ মারুফ হাসান
উপজেলা নির্বাহী অফিসার

তারিখ: ১ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
১৫ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৫৬.০৪.২৭২১.০০০.০০০.০৬.০০০১.২৩.৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
২। জেলা আইসিটি অফিসার (অতিরিক্ত দায়িত্ব), জেলা আইসিটি অফিসারের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, দিনাজপুর।
৩। সহকারী প্রোগ্রামার(সকল) দিনাজপুর।
৪। সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, জেলা আইসিটি অফিসারের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, দিনাজপুর।
৫। কম্পিউটার অপারেটর, জেলা আইসিটি অফিসারের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, দিনাজপুর।

১৫-০৬-২০২৫
মোঃ তৌহিদুল ইসলাম
উপজেলা আইসিটি অফিসার